

‘বৈশ্লেষিক রসায়ন শাখা ও এর কার্যক্রম’ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত

বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের জিওসাইন্স এওয়ারেনেস এন্ড ট্রেনিং সেন্টার (জিএটিসি)-এর আয়োজনে গত ০২ অক্টোবর ২০১৬ তারিখ অধিদপ্তরের শহীদ মুক্তিযোদ্ধা মোখলেছুর রহমান মিলনায়তনে ‘বৈশ্লেষিক রসায়ন শাখা ও এর কার্যক্রম’ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে সভাপতিত্ব করেন বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের বিভাগীয় প্রধান-২ ও জিএটিসি প্রধান জনাব ফোয়াদুজ্জামান খান, পরিচালক।

সেমিনারে জনাব আহমেদ আতাউল মুনীম, পরিচালক (রসায়ন) বৈশ্লেষিক রসায়ন শাখার সার্বিক কার্যক্রম, নমুনা সমূহের রাসায়নিক বিশ্লেষণের বিভিন্ন পদ্ধতি এবং কাজের বর্ণনা তুলে ধরেন। অধিদপ্তরের বিভিন্ন ডিসিপ্লিন কর্তৃক সমন্বিত কার্যক্রম গ্রহণের মাধ্যমে যাতে ভূ-বৈজ্ঞানিক গবেষণার উৎকর্ষ সাধন করা যায় সে লক্ষ্যে তিনি বৈশ্লেষিক রসায়ন শাখায় বিদ্যমান সুযোগ-সুবিধাসমূহ বিস্তারিতভাবে তুলে ধরেন।

সেমিনারে জিএসবি’র বিভিন্ন ডিসিপ্লিনের পরিচালক, শাখা প্রধান এবং কর্মকর্তা/কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

